গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : ‘‘নওগাঁ জেলার সাপাহার ও পোরশা উপজেলাধীন জবাইবিল বন্যা নিয়ন্ত্রণ, পানি নিস্কাশন ও সেচ (১ম সংশোধিত)’’ শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	মাহমুদুল ইসলাম অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বে)।
সভার তারিখ	২৫/০৯/২০১৯।
সভার সময়	৩:৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে সভাপতি প্রকল্পের সার্বিক বিষয় উপস্থাপনের অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-সচিব, উন্নয়ন শাখা-৩, পাসম সভাকে জানান ৪০৭০.০৮ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটি চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭০.২০% এবং আর্থিক অগ্রগতি ৬১.৬৯%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত
১	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের প্রধান ভৌত কাজ ১৪-ভেন্ট রেগুলেটর নির্মাণ (সংস্থানকৃত অর্থ ২১০৬.৭২ লক্ষ টাকা), ১৭.৫৫০ কি.মি. জবাইবিল খাল পুনঃখনন (সংস্থানকৃত অর্থ ৫৯৩.৪০ লক্ষ টাকা), ১০টি ইনলেট নির্মাণ (সংস্থানকৃত অর্থ ৩৪.৩৭ লক্ষ টাকা), ১০.০০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরণ (সংস্থানকৃত অর্থ ৬৬১.২৪ লক্ষ টাকা), রেগুলেটরের এপ্রোচ বাঁধের উভয় পাশে মোট ৮০০ মিটার স্লোপ প্রটেকশন কাজ (সংস্থানকৃত অর্থ ৩৩৬.৮৩ লক্ষ টাকা) এবং বন্যা নিয়ন্ত্রণ বাঁধে বনায়ণ (সংস্থানকৃত অর্থ ১০.০০ লক্ষ টাকা)। প্রকল্পের আওতায় ভৌত কাজের জন্য মোট ৮টি প্যাকেজ রয়েছে। চলতি অর্থ বছরে প্রকল্পের অনুকূলে এডিপি বরাদ্দ ১০১৯.০০ লক্ষ টাকা। প্রকল্পটির সকল অংগের কাজ সমাপ্ত করে সম্পূর্ণ অর্থ পরিশোধ করার জন্য আরডিপিপিতে অতিরিক্ত ৩৯০.০০ লক্ষ বরাদ্দ প্রয়োজন। তবে নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে। সভায় যুগ্মসচিব (উন্নয়ন-২) জানান যে, প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ভাল। তবে প্রকল্পের প্রধান অংগ রেগুলেটর নির্মাণ কাজ, যা মার্চ ২০২০ এর মধ্যে সম্পন্ন করতে হবে। সভাপতি সতর্কতার সাথে পরিকল্পনামাফিক প্রকল্পের অগ্রগতির পরিবীক্ষন ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তির উপর গুরুত্ব আরোপ করেন।	(ক) চলতি অর্থ বছরে প্রকল্পের অনুকূলে অতিরিক্ত ৩৯০.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) রেগুলেটর নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে। (গ) প্রকল্পটি জুন ২০২০ এর মধ্যে সমাপ্ত করতে হবে। (ঘ) নিয়মিতভাবে পিআইসি ও পিএসসি সভা করতে হবে এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মাহমুদুল ইসলাম
অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বে)।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০১.১৭.৪৩৫

তারিখ: ৮ কার্তিক ১৪২৬
২৪ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: পরিচালক, আইএমইডি)।

২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: মিলিয়া শারমিন, উপসচিব)}।

৩) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: উপপ্রধান, পরিকল্পনা বিভাগ)।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: সিনিয়র সহকারী প্রধান, কার্যক্রম বিভাগ)।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সাধারণ অর্থনীতি)।

৭) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত মহাপরিচালক, পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) প্রধান পরিকল্পনা, প্রধান পরিকল্পনা, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) প্রধান প্রকৌশলী (উত্তর-পশ্চিমাঞ্চল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী।

১৫) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “নওগাঁ জেলার সাপাহার ও পোরশা উপজেলাধীন জবাইবিল বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন ও সেচ” শীর্ষক প্রকল্প, রাজশাহী পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।

১৭) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৯) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট প্রকল্প), নওগাঁ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নওগাঁ।

২০) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

২১) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

এ এইচ এম আনোয়ার পাশা
উপসচিব